



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.Com. Programme 1st Semester Examination, 2022

LCC1-P1-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) অনুমোদনপত্র কাকে বলে? উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।
- (খ) একটি আদর্শপত্রের কয়টি অংশ ও কী কী?
- (গ) বিজ্ঞাপন বলতে কী বোঝায়? এর শ্রেণিবিভাগ করো।
- (ঘ) সারসংক্ষেপ রচনার কাঠামোগত বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (ঙ) শ্রেণিবিভাজনের উল্লেখসহ প্রতিবেদনের সংজ্ঞা দাও।
- (চ) “বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে” - চরণটির মূলভাব সংক্ষেপে লেখো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) ভাবার্থ লেখো:
- হে বঙ্গ, ভাঙারে তব বিবিধ রতন;-
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বহুদিন সুখ পরিহরি।
অনিদ্রায়, নিরাহারে সাঁপি কায়, মনঃ,
মজিনু বিফল তপে অবরণ্যে বরি;-
কেলিনু শৈবালে; ভুলি কমল-কানন!
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে-
“ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী-দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে।”
পালিলাম আঞ্জা সুখে; পাইলাম কালে
মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে॥

- (খ) তোমার মহাবিদ্যালয়ে সরস্বতী পূজা উপলক্ষে আমন্ত্রণপত্রের একটি খসড়া প্রস্তুত করো।
- (গ) কাব্যসৌন্দর্য বিচারের ক্ষেত্রে ছন্দ ও অলংকার প্রয়োগের প্রাসঙ্গিকতা আলোচনা করো।
- (ঘ) একজন নিখোঁজ ব্যক্তির সন্ধান চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।
- (ঙ) কলেজ প্রাঙ্গণে র্যাগিং-এর ঘটনার অভিযোগ জানিয়ে অধ্যক্ষকে একটি অভিযোগপত্র লেখো।
- (চ) একজন স্বনামধন্য ক্রীড়াবিদের সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকারের খসড়া প্রস্তুত করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২ × ২ = ২৪

(ক) সংবাদপত্রে প্রকাশিত একটি ঘটনা সম্পর্কে তোমার বক্তব্য জানিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযুক্ত একটি পত্র রচনা করো।

(খ) ভাবসম্প্রসারণ করোঃ

চেরাপুঞ্জীর থেকে

একখানি মেঘ ধার দিতে পার গোবি-সাহারার বুকে ?

(গ) তোমার প্রিয় একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঘ) তোমার এলাকায় ম্যালেরিয়া প্রকোপের ভয়াবহতার বিবরণ দিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করো।

—x—